শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ।

শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ শাখা-৩
www.moef.gov.bd

নং-পবম/পরিবেশ-৩/৩-৪/১৪/কোরবানী/২০০৮(অংশ-১).২৪৫

তারিখ: ২৩.০৭.২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ আসন্ন ঈদ-উল-আযহা উদযাপন উপলক্ষে কুরবানিকৃত পশুর উচ্ছিষ্টাংশ সুষ্ঠুভাবে অপসারণের মাধ্যমে পরিবেশ দূষণ রোধকল্পে করণীয় বিষয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আসন্ন ঈদ-উল-আযহা-তে কুরবানিকৃত পশুর উচ্ছিষ্টাংশ সুষ্ঠুভাবে ব্যবস্থাপনা/অপসারণের মাধ্যমে পরিবেশ দূষণ রোধকল্পে করণীয় বিষয়ে একটি আন্তঃমন্ত্রণালয় সভা গত ২১.০৭.২০১৯ তারিখে জনাব আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী, সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৩ (তিন) পৃষ্ঠা।

২৩/০৭/২০১৯
(মোঃ মনসুর আলম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৬৫৪৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা

নম্বর-১৮.০১৬.০২১.০৩৩.০০.০০.০০১.২০১৩-১২৮৭

তারিখ: ২৮-০৭-২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৮/০৭/১৯
(নাহিদ-উল-মোস্তাক)
সিনিয়র সহকারী সচিব প্রশাসন)
ফোন: ৯৫১৫৫৫১

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন/চবক/মোবক/পাবক/বাস্থবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল, বেইলী রোড, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম।
৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৮। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, চট্টগ্রাম।
৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সিস্টেম এনালিষ্ট/প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**।
১১। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন/সংস্থা-১ ও ২/উন্নয়ন/বন্দর-১/বন্দর-২/উন্নয়ন মনিটরিং ও মোবক), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

নৌপরিবহন মন্ত্রণালয়
গ্রহণ ও বিতরন শাখা
ডাইরী নম্বর ৭৬৪
তারিখ ২৬/৭/১৯

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ।

সচিবের দপ্তর

শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ শাখা-৩
www.moef.gov.bd

নং-পবম/পরিবেশ-৩/৩-৪/১৪/কোরবানী/২০০৮(অংশ-১).২৪৫ তারিখ: ২৩.০৭.২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ আসন্ন ঈদ-উল-আযহা উদযাপন উপলক্ষে কুরবানিকৃত পশুর উচ্ছিষ্টাংশ সুষ্ঠুভাবে অপসারণের মাধ্যমে পরিবেশ দূষণ রোধকল্পে করণীয় বিষয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আসন্ন ঈদ-উল-আযহা-তে কুরবানিকৃত পশুর উচ্ছিষ্টাংশ সুষ্ঠুভাবে ব্যবস্থাপনা/অপসারণের মাধ্যমে পরিবেশ দূষণ রোধকল্পে করণীয় বিষয়ে একটি আন্তঃমন্ত্রণালয় সভা গত ২১.০৭.২০১৯ তারিখে জনাব আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী, সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৩ (তিন) পৃষ্ঠা।

২৩/০৭/২০১৯
(মোঃ মনসুর আলম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৬৫৪৭

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
১১। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, রমনা, ঢাকা।
১৫। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৬। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
১৭। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
১৮। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।
১৯। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
২০। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
২১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান, ঢাকা।
২২। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সংবাদ সংস্থা (বি এস এস), ৬৮, পুরানা পল্টন, ঢাকা।
২৪। ব্যবস্থাপনা পরিচালক, ইউ এন বি, কসমস সেন্টার, মৌচাক, ঢাকা।
২৫। প্রতিনিধি, ওয়েস্ট কনসার্ন বাংলাদেশ, ঢাকা।
২৬। প্রতিনিধি, প্রিজম বাংলাদেশ, ঢাকা।

যুগ্মসচিব (প্রশা,পাবক ও বাজেট) এর দপ্তর
ডায়েরী নং ৭৯৫
তারিখ ২৫/৭/১৯
☐ উপসচিব/সিসস (প্রশাসন)
☐ উপসচিব/সিসস (নৌ/প্রশি)
☐ উপসচিব/সিসস (সমন্বয়)
☐ উপসচিব/সিসস (বাজেট)
☐ উপসচিব/সিসস (পাবক)
☐ সি. এনালিষ্ট/প্রোগ্রামার
☐ ব্যক্তিগত কর্মকর্তা
যুগ্মসচিব

অনুলিপিঃ

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

০২। অতিরিক্ত সচিব (পরিবেশ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

০৩। যুগ্মসচিব (পরিবেশ-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ-৩ শাখা
www.moef.gov.bd

আগামী ১২ আগস্ট ২০১৯ তারিখ (চাঁদ দেখার উপর নির্ভলশীল) আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে কুরবানি পশুর উচ্ছিষ্টাংশ সুষ্ঠুভাবে ব্যবস্থাপনা/অপসারণের মাধ্যমে পরিবেশ দূষণ রোধকল্পে করণীয় বিষয়ে ২১.০৭.২০১৯ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী
সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
তারিখ : ২১.০৭.২০১৯ খ্রিঃ
সময় : দুপুর ১২.০০ ঘটিকায়
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি আন্তঃমন্ত্রণালয় সভাটি আয়োজনের পটভূমি সম্পর্কে সংক্ষিপ্ত তথ্যাদি উপস্থাপন করেন। তিনি জানান যে, বাংলাদেশে আগামী ১২ আগস্ট ২০১৯ তারিখে (চাঁদ দেখা সাপেক্ষে) যথাযোগ্য মর্যদায় পবিত্র ঈদ-উল-আযহা উদযাপিত হতে যাচ্ছে। ঈদ-উল-আযহা উপলক্ষে পশু কুরবানির মাধ্যমে পালন করা হয় বৃহত্তম ধর্মীয় অনুশাসন। কিন্তু কুরবানিকৃত পশুর উচ্ছিষ্টাংশ সুষ্ঠভাবে অপসারণ না করার কারণে পরিবেশ দূষিত হয়ে পড়ে। সভাপতি আরও বলেন, পূর্বের তুলনায় মানুষের আর্থিক সামর্থ্য বহুলাংশে বৃদ্ধি পেয়েছে, বৃদ্ধি পেয়েছে কুরবানির পশুর সংখ্যাও কিন্তু সে হারে জনসচেতনতা বাড়েনি এবং সচেতনতার অভাবেই কুরবানির বর্জ্য ব্যবস্থাপনা যথাযথভাবে হয়না। সিটি কর্পোরেশন এবং পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে কুরবানি করা এবং কুরবানিকৃত পশুর উচ্ছিষ্টাংশ যথাযথ ব্যবস্থাপনার বিষয়ে জনসাধারণকে সচেতন করে তুলতে পারলে এ দূষণ অনেকাংশে কমিয়ে আনা সম্ভব। সচেতনতামূলক কার্যক্রমে স্থানীয় সরকার বিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার প্রতিষ্ঠান (সিটি কর্পোরেশন/পৌরসভা) এবং সরকারি/বেসরকারি সংস্থার সহযোগিতা ও সমন্বিত উদ্যোগ একান্ত প্রয়োজন। পাশাপাশি বিভাগ এবং জেলা পর্যায়ে এ বিষয়ে প্রচার প্রচারণার উদ্যোগ গ্রহণ করলে স্থানীয় পর্যায়েও সুষ্ঠভাবে কুরবানির বর্জ্য ব্যবস্থাপনা করা সম্ভব হবে। অতঃপর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (পরিবেশ-২) সভার কার্যপত্র উপস্থাপন করেন এবং সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১। | প্রচারপত্র বিতরণ (চার লক্ষ কপি) | আসন্ন ঈদ-উল-আযহা উদযাপন উপলক্ষে কুরবানিকৃত পশুর উচ্ছিষ্টাংশ সুষ্ঠুভাবে অপসারণের জন্য গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ০৪ (চার) লক্ষ প্রচারপত্র ছাপানোর উদ্যোগ নেয়া হয়েছে। নিম্নবর্ণিত সংস্থাসমূহের মাধ্যমে প্রচারপত্রসমূহ বিতরণের বিষয়ে আলোচনা হতে পারেঃ<br>১. সিটি কর্পোরেশন<br>২. জেলা ও উপজেলা প্রশাসন<br>৩. পৌরসভা/ইউনিয়ন পরিষদ<br>৪. পরিবেশ অধিদপ্তরের বিভাগীয়/জেলা কার্যালয়সমূহ<br>৫. ইসলামিক ফাউন্ডেশন | (১) নমুনা প্রচারপত্রটি সভার আলোচনা অনুযায়ী সংশোধন করে আগামী ২৮.০৭.২০১৯ তারিখের মধ্যে মুদ্রণ সম্পন্ন করতে হবে।<br>(২) স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে অধীনস্থ সংস্থা/প্রতিষ্ঠানসমূহ, ইসলামিক ফাউন্ডেশন তাদের নিজস্ব কার্যক্রমের পাশাপাশি পরিবেশ অধিদপ্তরের এই প্রচারপত্রটি বিতরণ করবে।<br>(৩) জেলা প্রশাসকগণ তাদের আওতাধীন জেলায় এতদসংশ্লিষ্ট কার্যক্রম গ্রহণ করবেন। | ১. পরিবেশ অধিদপ্তর<br>২. স্থানীয় সরকার বিভাগ (সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ/ জেলা পরিষদ)<br>৩. মন্ত্রিপরিষদ বিভাগ/বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক(সকল)<br>৪. ইসলামিক ফাউন্ডেশন |

| | | | | |
|---|---|---|---|---|
| ২। | মসজিদে ঈদ পূর্ববর্তী জুমা'র নামাজ এবং ঈদ-উল-আযহার জামাতে খুৎবাকালীন প্রচারণা | নির্দিষ্ট স্থানে পশু কুরবানিসহ সুষ্ঠু বর্জ্য ব্যবস্থাপনার বিষয়টি ঈদের আগের জুমা' ও ঈদের দিনে নামাজের খুৎবাতে প্রচারের বিষয়ে ইসলামিক ফাউন্ডেশন থেকে লিখিতভাবে নির্দেশনা জেলায় জেলায় প্রেরণ করলে এ বিষয়ে গৃহীত কার্যক্রম ফলপ্রসূ হবে। প্রতি বছর ঈদের আগের জুমা'র নামাজে খুৎবার সময় জেলা/উপজেলা পর্যায়ে এ সংক্রান্ত বিষয়ে ইসলামিক ফাউন্ডেশন উদ্যোগ গ্রহণ করে থাকে। এ বছরও একই ধরনের প্রস্তুতি গ্রহণ করা যেতে পারে। | (১) ঈদের আগের প্রতি শুক্রবার জুমা'র দিন ও ঈদের দিনে নামাজের খুৎবাতে কুরবানির বর্জ্য অপসারণ বিষয়ে বক্তব্য প্রদান করার ব্যবস্থা করতে হবে।<br>(২) উক্ত সময়ে এতদসংক্রান্ত সচেতনামূলক প্রচারপত্র বিতরণ করতে হবে।<br>(৩) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এ সংক্রান্তে একটি পত্র ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর প্রেরণ করবে। | ১. ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (ইসলামিক ফাউন্ডেশন)<br>২. পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় |
| ৩। | গণসচেতনতামূলক প্রামাণ্য চিত্র প্রদর্শন (হাটবাজারসহ উন্মুক্ত এলাকায়) | কুরবানি পশুর বর্জ্য পার্শ্ববর্তী ড্রেন, নদী, খাল, ভূমিতে যথেচ্ছভাবে পশুর রক্ত, বর্জ্য স্তুপকরণ থেকে বিরত থাকাসহ এতদসংক্রান্ত পরিবেশ দূষণ রোধকল্পে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে হাটবাজারসহ উন্মুক্ত এলাকায় গণসচেতনতা মূলক মাইকিংসহ লিফলেট বিতরন করা যেতে পারে। প্রতি বছরের ন্যায় এ বছরও গণযোগাযোগ অধিদপ্তর এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে। এছাড়া সিটি কর্পোরেশনের উদ্যোগে প্রামাণচিত্র প্রদর্শন করা যেতে পারে। বাংলাদেশ বেতার থেকেও জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। | (১) কুরবানির পূর্বে পশুর বর্জ্য এবং পরবর্তী সময়ে কুরবানিকৃত পশুর উচ্ছিষ্টাংশ সুষ্ঠুভাবে অপসারণের লক্ষ্যে পরিবেশ দূষণ রোধকল্পে জনসচেতনতা সৃষ্টির জন্য প্রামাণ্যচিত্র প্রদর্শন করতে হবে। বাংলাদেশ বেতার ও প্রচারমূলক কার্যক্রম গ্রহণ করবে।<br>(২) পরিবেশ অধিদপ্তর এ বিষয়ে দেড় থেকে দুই মিনিট দীর্ঘ প্রামাণ্যচিত্র তৈরী করে তথ্য মন্ত্রণালয়ে সরবরাহ করবে। | ১. তথ্য মন্ত্রণালয় (গণযোগাযোগ অধিদপ্তর)<br>২. পরিবেশ অধিদপ্তর |
| ৪। | সরকারি ও বেসরকারি টিভি চ্যানেল ও বেতারে প্রচার | সরকারি-বেসরকারি টেলিভিশন ও বেতারে গণসচেতনতামূলক অনুষ্ঠানের পাশাপাশি পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রণীত প্রচারপত্রের শ্লোগানসমূহ টিভি চ্যানেলের স্ক্রলবারে দেখানো ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। বিগত বছরের ন্যায় এ বছরও টেলিভিশনে দেখানোর উদ্যোগ নেয়া যেতে পারে। | (১) কুরবানিকৃত পশুর উচ্ছিষ্টাংশ সুষ্ঠুভাবে ব্যবস্থাপনাসহ দূষণ রোধের জন্য সরকারি ও বেসরকারি টিভি চ্যানেল ও বেতারে গণসচেতনতামূলক অনুষ্ঠান প্রচার করা হবে।<br>(২) সরকারি বেসরকারি টিভি চ্যানেলে স্ক্রলবারে শ্লোগান প্রচার করতে হবে যা মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর নির্ধারণ করে দিবেন।<br>(৩) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এ সংক্রান্ত একটি পত্র তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | ১. তথ্য মন্ত্রণালয়<br>২. সিনিয়র তথ্য কর্মকর্তা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়<br>৩. পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় |
| ৫। | জাতীয় দৈনিকে বিজ্ঞপ্তি প্রকাশ | আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষে কুরবানিকৃত পশুর উচ্ছিষ্টাংশ সুষ্ঠুভাবে অপসারণের মাধ্যমে পরিবেশ দূষণ রোধকল্পে গণসচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে প্রতি বছর জাতীয় দৈনিকে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এ বছরও অনুরূপ কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। | প্রতি বছরের ন্যায় এবারও কুরবানিকৃত পশুর উচ্ছিষ্টাংশ সুষ্ঠুভাবে অপসারণের মাধ্যমে পরিবেশ দূষণ রোধকল্পে গণসচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে জাতীয় দৈনিকে বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে | ১. পরিবেশ অধিদপ্তর<br>২. তথ্য মন্ত্রণালয়<br>৩. সিনিয়র তথ্য কর্মকর্তা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬। | ক্ষুদে বার্তা (এসএমএস) প্রেরণ | কুরবানিকৃত পশুর উচ্ছিষ্টাংশ সুষ্ঠুভাবে অপসারণ এবং এতদসংক্রান্ত দূষণ রোধকল্পে সাধারণ মানুষের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে খুদে বার্তা কার্যকর ভূমিকা পালন করে থাকে। এ বছরও অনুরূপ কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। | (১) কুরবানিকৃত পশুর উচ্ছিষ্টাংশ সুষ্ঠুভাবে অপসারণের বিষয়ে গণসচেতনতামূলক খুদে বার্তা (এস এম এস) সকল মোবাইল অপারেটরের মাধ্যমে প্রেরন করতে হবে।<br>২. এ সংক্রান্ত একটি পত্র ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং বিটিআরসি-তে প্রেরণ করতে হবে। | ১. ডাক ও টেলিযোগাযোগ বিভাগ<br>২. পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় |
| ৭। | কুরবানি পশুর জন্য স্থাপনকৃত পশু জবাই স্থান এবং কুরবানির পরে পশুর উচ্ছিষ্টাংশ বর্জ্য ব্যবস্থাপনা | কুরবানির হাটের বর্জ্য পরিবেশ সম্মতভাবে অপসারণ বিষয়ে সিটি কর্পোরেশন/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিগত বছরের চাইতে উত্তম পূর্ব প্রস্তুতি গ্রহণ করবে মর্মে বৈঠকে আশা করা হয়। সিটি কর্পোরেশনের আওতাধীন হাট থেকে বিক্রীত পশুর বর্জ্য সংগ্রহের জন্য পশুর ক্রেতাকে সিটি কর্পোরেশন বিগত বছরের ন্যায় বিনামূল্যে ব্যাগ সরবরাহ করতে পারে। একই সাথে প্রতিটি হাটে মনিটরিং সেল স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে পারে এবং ওয়াসা কর্তৃক পর্যাপ্ত বিশুদ্ধ পানি সরবরাহের ব্যবস্থা নিশ্চিত করার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে পারে। | ১. কুরবানি পশুর হাটে বর্জ্য ব্যবস্থাপনা ও বিশুদ্ধ পানি সরবরাহ করাসহ কুরবানি উপলক্ষে বর্জ্য পরিবহনের জন্য সিটি কর্পোরেশন কর্তৃক বিনামূল্যে পরিবেশসম্মত ব্যাগ সরবরাহ নিশ্চিত করতে হবে।<br>২. কুরবানিকৃত পশুর উচ্ছিষ্টাংশ সুষ্ঠুভাবে ব্যবস্থাপনা, অনুমোদিত জীবাণুনাশক ছিটানো, দ্রুততম সময়ে বর্জ্য অপসারণ ইত্যাদি বিষয় নিশ্চিত করতে মনিটরিং টীম গঠন করার জন্য সিটি কর্পোরেশনসমূহকে অনুরোধ করা হলো। | ১. স্থানীয় সরকার বিভাগ |
| ৮। | বিবিধ | সিটি কর্পোরেশন এলাকায় পশু জবাই স্থান সম্পর্কে প্রচার চালানো হলে এবং তা কার্যকর করা গেলে পরিবেশসম্মত বর্জ্য ব্যবস্থাপনা সহজ হতে পারে। | প্রতিটি ওয়ার্ডে নির্ধারিত পশু জবাই স্থান বিষয়ে ব্যাপক প্রচার ও নিরাপত্তা বিধান নিশ্চিত করার জন্য সিটি কর্পোরেশনসমূহকে অনুরোধ করা হলো। | ১। স্থানীয় সরকার বিভাগ |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী)
সচিব